# Times Today BD

জিএম সিরাজ | দেশজুড়ে | 20 May, 2025

কুড়িগ্রামের নাগেশ্বরীতে মাদক নির্মূল ও সাঞ্জুয়ারভিটা'র মাদক ব্যবসায়ী কর্তৃক মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে মানববন্ধন ও সমাবেশ করেছে সর্বস্তরের জনসাধারণ। মঙ্গলবার বেলা ১১টায় কুড়িগ্রাম ভরুঙ্গামারী সড়কের নাগেশ্বরী উপজেলা গেইটের সামনে ঘণ্টাব্যাপী এই মানববন্ধন করেন তারা। এলাকাবাসীর মানববন্ধনে উপজেলা বিএনপি, ইসলামী আন্দোলন বাংলাদেশ, জামায়াতে ইসলামী বাংলাদেশ, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনসহ, বিভিন্ন সামজিক অংশ নেয়।

মানববন্ধনে বক্তারা জানান অবিলম্বে এই উপজেলা থেকে মাদক নির্মুল করতে হবে এবং মাদক ক্যবসায়ীদের করা মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি জানান। এ সময় বক্তব্য রাখেন উপজেলা বিএনপির আহ্বায়াক গোলাম রসুল রাজা, ইসলামি আন্দোন বাংলাদেশের জেলা কমিটির শিল্প ও বাণিজ্য বিষয়ক সম্পাদক হারিসুল বারী রনি, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের উপজেলা শাখার আহ্বায়াক মেহেদী হাসান, যুগ্ম আহ্বায়াক সানাউল কবীর স্বাদ, যুগ্ম সদস্য সচিব মেহেদী হাসান মিমি, মুখ্য সংগঠক মোবাশ্বের হোসেন।

বিএনপি কুড়িগ্রাম মিথ্যা মামলা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:32

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/7758072740